

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৪৬

১/ বিবিধ

আরবী

لا تقوموا كما تقوم الأعاجم يعظم بعضها بعضا
ضعيف

وفي إسناده اضطراب وضعف وجهالة، أخرجه أبو داود (2 / 346) وأحمد (5 / 253) من طريق عبد الله بن نمير، والرامهرمزي في " الفاصل " (ص 64) وتمام في " الفوائد " (2 / 41) عن يحيى بن هاشم كلاهما عن مسعر عن أبي العنيس عن أبي العديس عن أبي مرزوق عن أبي غالب عن أبي أمامة قال: خرج علينا رسول الله صلى الله عليه وسلم متوكئا على عصا، فقمنا إليه فقال ... فذكره ثم أخرجه أحمد عن سفيان عن مسعر عن أبي عن أبي عن أبي منهم أبو غالب عن أبي أمامة به، ورواه عبد الغني المقدسي في " الترغيب في الدعاء " (2 / 93) عن سفيان بن عيينة عن مسعر بن كدام عن أبي مرزوق عن أبي العنيس عن أبي العديس عن أبي أمامة، ثم أخرجه أحمد (5 / 256) والرويان في " مسنده " (30 / 225 / 2) من طريق يحيى بن سعيد عن مسعر، حدثنا أبو العديس عن أبي خلف، حدثنا أبو مرزوق قال: قال أبو أمامة

وقال الرويان: اليهود بدل الأعاجم، وأخرجه ابن ماجه (2 / 431) من طريق وكيع عن مسعر عن أبي مرزوق عن أبي وائل عن أبي أمامة وهذا اضطراب شديد يكفي وحده في تضعيف الحديث، فكيف وأبو مرزوق لين، كما قال الحافظ في " التقريب " وقال الذهبي في " الميزان ": قال ابن حبان: لا يجوز

الاحتجاج بما انفرد به، ثم ساق له هذا الحديث من الطريق الأول، ثم ساقه من طريق ابن ماجه، إلا أنه قال: أبي العدبس بدل أبي وائل ثم قال: وهذا غلط وتخييط، وفي بعض النسخ: عن أبي وائل بدل عن أبي العدبس، وأبو العدبس مجهول كما في "الميزان" للذهبي و"التقريب" لابن حجر، وبه أعل الحديث الحافظ العراقي في تخريج الإحياء " (2 / 181)

وقد ذهل المنذري عن علة الحديث الحقيقية وهي الجهالة والضعف والاضطراب الذي فصلته، فذهب يعله في "مختصر السنن" (8 / 93) بأبي غالب، فذكر أقوال العلماء فيه وهي مختلفة، والراجح عندي أنه حسن الحديث، ولم يرجح المنذري ها هنا شيئاً، وأما في "الترغيب والترهيب" (3 / 269 - 270) فقال بعد أن عزاه لأبي داود وابن ماجه: وإسناده حسن، فيه أبو غالب، فيه كلام طويل ذكرته في "مختصر السنن" وغيره والغالب عليه التوثيق، وقد صحح له الترمذي وغيره

قلت: والحق أن الحديث ضعيف وعلة ممن دون أبي غالب كما سبق نعم معنى الحديث صحيح من حيث دلالة على كراهة القيام للرجل إذا دخل، وقد جاء في ذلك حديث صحيح صريح، فقال أنس بن مالك رضي الله عنه: ما كان شخص في الدنيا أحب إليهم رؤية من رسول الله صلى الله عليه وسلم، وكانوا لا يقومون له لما يعلمون من كراهيته لذلك.

أخرجه البخاري في "الأدب المفرد" (ص 136) والترمذي (4 / 7) وصححه والضياء المقدسي في "الأحاديث المختارة" وأحمد أيضاً في "المسند" (3 / 132) وسنده صحيح على شرط مسلم، ورواه آخرون كما تراه في "الصحيحة" (358)

فإذا كان النبي صلى الله عليه وسلم يكره هذا القيام لنفسه وهي المعصومة من نزغات الشيطان، فبالأحرى أن يكرهه لغيره ممن يخشى عليه الفتنة، فما بال كثير من المشايخ وغيرهم قد استساغوا هذا القيام وألفوه كأنه أمر مشروع، كلا بل إن بعضهم ليستحبه مستدلاً بقوله صلى الله عليه وسلم: "قوموا إلى سيدكم" زاهلين عن الفرق بين القيام للرجل احتراماً وهو المكروه، وبين القيام إليه لحاجة مثل الاستقبال

والإعانة عن النزول، وهو المراد بهذا الحديث الصحيح، ويدل عليه رواية أحمد له بلفظ: " قوموا إلى سيدكم فأنزلوه " وسنده حسن وقواه الحافظ في " الفتح " ، وقد خرجته في " سلسلة الأحاديث الصحيحة " رقم (67) ، وللشيخ القاضي عز الدين عبد الرحيم بن محمد القاهري الحنفي (ت: 851 هـ) رسالة في هذا الموضوع أسماها " تذكرة الأنام في النهي عن القيام " لم أقف عليها، وإنما ذكرها كاتب حلي في " كشف الظنون

বাংলা

৩৪৬। যেভাবে আজমীরা (অনারবরা) দাঁড়ায় সেভাবে তোমরা দাঁড়াবে না, তাদের একজন (দাঁড়িয়ে) অন্যজনকে সম্মান দেখায়।

হাদীসটি দুর্বল।

এটির সনদটিতে ইযতিরাব, দুর্বলতা এবং জাহালাত (অজ্ঞতা) রয়েছে।

হাদীসটি আবু দাউদ (২/৩৪৬) এবং আহমাদ (৫/২৫৩) আব্দুল্লাহ ইবনু নুমায়ের হতে বর্ণনা করেছেন। এছাড়া রামহুরমুখী “আল-ফাসেল” গ্রন্থে (পৃ. ৬৪) এবং তাম্মাম “আল-ফাওয়াইদ” গ্রন্থে (২/৪১) ইয়াহইয়া ইবনু হাশেম হতে বর্ণনা করেছেন। তারা উভয়ে মিস’য়ার হতে, তিনি আবুল আম্বাস হতে, তিনি আবুল আদাব্বাস হতে ... বর্ণনা করেছেন। অতঃপর ইমাম আহমাদ সুফিয়ান সূত্রে মিসয়ার হতে, তিনি আমার পিতা হতে, আমার পিতা হতে, আমার পিতা হতে এভাবে বর্ণনা করেছেন।

আব্দুল গনী মাকদেসী “তারগীব ফিদ দু’আ” গ্রন্থে (২/৯৩) সুফিয়ান ইবনু ওয়াইনা হতে বর্ণনা করেছেন, তিনি মিসায়ার ইবনু কিদাম হতে, তিনি আবী মারযুক হতে, তিনি আবুল আম্বাস হতে, তিনি আবুল আদাব্বাস ... হতে বর্ণনা করেছেন। অতঃপর হাদীসটি ইমাম আহমাদ (৫/২৫৬) এবং রুবিয়ানী তার “মুসনাদ” গ্রন্থে (৩০/২২৫/২) ইয়াহইয়া ইবনু সাঈদ হতে, তিনি মিসয়ার হতে, তিনি আবুল আম্বাস হতে, তিনি তার পিতা খালাফ হতে, তিনি আবু মারযুক হতে বর্ণনা করেছেন।

ইবনু মাজাহ (২/৪৩১) ওয়াকী সূত্রে মিসায়ার হতে, তিনি আবুল মারযুক হতে, তিনি আবু ওয়ায়েল হতে ... বর্ণনা করেছেন।

সনদের মধ্যে উল্লেখিত চরম পর্যায়ের ইযতিরাবই হাদীসটি দুর্বল হওয়ার জন্য যথেষ্ট। মুযতারিব ও ইযতিরাব সম্পর্কে দেখুন (৫৭-৫৮) পৃষ্ঠায়। এ আবু মারযুক সম্পর্কে যাহাবী “আল-মীযান” গ্রন্থে বলেনঃ ইবনু হিব্বান বলেছেন, তিনি এককভাবে কিছু বর্ণনা করলে তা দলীল হিসাবে গ্রহণ করা জায়েয হবে না। অতঃপর প্রথমটি

এবং ইবনু মাজার সূত্র দুটি উল্লেখ করে বলেছেনঃ আবুল আদাবাসের স্থলে (ইবনু মাজাহ) আবু ওয়ায়েল উল্লেখ করে বলেছেনঃ এটি ভুল। আবুল আদাবাস মাজহুল যেমনভাবে যাহাবী “আল-মীযান” গ্রন্থে এবং ইবনু হাজার “আত-তাকরীব” গ্রন্থে বলেছেন।

হাফিয ইরাকী “তাখরীজুল ইহইয়া” গ্রন্থে (২/১৮১) হাদীসটির এ সমস্যাই উল্লেখ করেছেন। হাদীসটিকে মুনযের হাসান বলেছেন।

আমি (আলবানী) বলছিঃ কিন্তু উপরে উল্লেখিত বিবরণের কারণেই তা সঠিক নয়। তবে হ্যাঁ হাদীসটির অর্থ সহীহ। কারণ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন ব্যক্তি প্রবেশ করলে তার জন্য দাঁড়ানোকে অপছন্দ করতেন। এ মর্মে সহীহ হাদীস এসেছে। যা “সিলসিলাতুস সহীহার” (৩৫৮ নং) মধ্যে আলোচনা করা হয়েছে।

যখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার নিজের জন্য দাঁড়ানোকে অপছন্দ করতেন, তখন অন্যের জন্য দাঁড়ানো অপছন্দ করা আরো বেশী উপযোগী।

উল্লেখ্য এখানে যে দাঁড়ানোকে অপছন্দ করা হয়েছে সেটি হচ্ছে অন্যের সম্মানার্থে দাঁড়ানো। প্রয়োজনের তাগিদে দাড়ালে তাতে অপছন্দের কিছু নেই।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=67931>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন